

## মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১০০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৯]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ জ্ঞানের কথা মুখস্থ রাখা

### باب حِفْظِ الْعِلْمِ

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قُلْتُ يَا رَسُولَ اللَّهِ، إِنِّي أَسْمَعُ مِنْكَ حَدِيثًا كَثِيرًا أَنْسَاهُ، قَالَ ابْسُطْ رِدَاءَكَ. فَبَسَطْتُهُ، قَالَ: فَغَرَفَ بِيَدَيْهِ، ثُمَّ قَالَ ضُمَّهُ. فَضَمَمْتُهُ، فَمَا نَسِيتُ شَيْئًا بَعْدَهُ. (بخارى: ১০০)

বাংলা

১০০) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললামঃ হে আল্লাহর রাসূল! আমি আপনার নিকট থেকে অনেক হাদীছ শ্রবণ করি, কিন্তু পরক্ষণে তা ভুলে যাই। তিনি বললেনঃ তোমার চাদর বিছাও। আবু হুরায়রা বলেনঃ আমি আমার চাদর বিছালাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উভয় হাত দিয়ে অঞ্জলি বানালেন এবং চাদরের ভিতরে ঢেলে দিয়ে বললেনঃ চাদরটি তোমার শরীরে জড়িয়ে নাও। তাঁর কথানুসারে চাদরটি আমার বক্ষের সাথে জড়িয়ে নিলাম। এরপর থেকে কোন জিনিস আর কোন দিন ভুলিনি।

## English

(What is said regarding) the memorization of (religious) knowledge

Narrated Abu Huraira:

I said to Allah's Messenger (ﷺ) "I hear many narrations (Hadiths) from you but I forget them." Allah's Apostle said, "Spread your Rida' (garment)." I did accordingly and then he moved his hands as if filling them with something (and emptied them in my Rida') and then said, "Take and wrap this sheet over your body." I did it and after that I never forgot any thing.

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১২০

ইসলামিক সেন্টারঃ ১১৭

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88795>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন